

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৭.২০২৩. ২৩৭

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব খাদিজা বেগম (১৭১১৭), সহকারী অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে University of Portsmouth, UK এর অধীনে Post Doctoral Fellowship কোর্সে অধ্যয়নের জন্য গত ০১/০৮/২০১৮ তারিখ হতে ৩১/০৭/২০২০ তারিখ পর্যন্ত ১১ (এগারো) মাস ০৩ (তিন) দিন শিক্ষাছুটি এবং ০১ (এক) বছর ২৭ (সাতাশ) দিনের বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে আবার ০১/০৮/২০২০ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ১১ (এগারো) মাসের বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। আপনি ০১/০৮/২০১৮ হতে ০৩/০৭/২০১৯ পর্যন্ত ১১ (এগারো) মাস ০৩ (তিন) দিন এবং ০৪/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১১ (এগারো) মাস ২৭ (সাতাশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগ করেছেন। আপনার ভোগকৃত বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

সোলেমান খান  
২২/৭/২৩  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**স্থায়ী ঠিকানা:**

জনাব খাদিজা বেগম  
পিতা: মোহাম্মদ ইসমাইল মিল্লা  
বাসা: হিলচিয়া, ডাকঘর: হিলচিয়া  
উপজেলা: বাজিতপুর, জেলা: কিশোরগঞ্জ।

**বর্তমান কর্মস্থল:**

জনাব খাদিজা বেগম (১৭১১৭), সহকারী অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব খাদিজা বেগম (১৭১১৭), সহকারী অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে University of Portsmouth, UK এর অধীনে Post Doctoral Fellowship কোর্সে অধ্যয়নের জন্য গত ০১/০৮/২০১৮ তারিখ হতে ৩১/০৭/২০২০ তারিখ পর্যন্ত ১১ (এগারো) মাস ০৩ (তিন) দিন শিক্ষাছুটি এবং ০১ (এক) বছর ২৭ (সাতাশ) দিনের বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে আবার ০১/০৮/২০২০ তারিখ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ১১ (এগারো) মাসের বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। আপনি ০১/০৮/২০১৮ হতে ০৩/০৭/২০১৯ পর্যন্ত ১১ (এগারো) মাস ০৩ (তিন) দিন এবং ০৪/০৭/২০১৯ হতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১১ (এগারো) মাস ২৭ (সাতাশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগ করেছেন। আপনার ভোগকৃত বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ ৩০/০৬/২০২১ তারিখে শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

জনাব খাদিজা বেগম (১৭১১৭), সহকারী অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
(সোলেমান খান)  
সচিব